শীতবস্ত্রের বিপুল আয়োজন

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়



Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে অগ্রহায়ণ বুধবার ১৩৬৮ ইংরাজী 13th Dec. 1961 { ৩০শ সংখ্যা






**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও বিপুলতা আবার!

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



**ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল**

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৮ সাল।

# দেশের সেবক বেশে দেশের সে বক

—০—

বনবাসকালে রামচন্দ্র পম্পা নদীর তীরে দেখিলেন একটি বক ধীরে ধীরে পা ফেলিয়া জলের দিকে অগ্রসর হইতেছে। রামচন্দ্র মহারাজ দশরথের জ্যেষ্ঠ পুত্র বলিয়া পিতার খুব আদরের সন্তান ছিলেন। বহির্জ্জগতের সঙ্গে তাঁহার সম্বন্ধ কম ছিল। তিনি অত্যন্ত গুণগ্রাহী ছিলেন বলিয়া সকলের গুণই দেখিতেন। অনেকের দোষকেও গুণ বলিয়া গ্রহণ করিতেন। হিংস্র বক আহার অন্বেষণে জলের দিকে অগ্রসর হইতেছে ধীরে ধীরে। পায়ের শব্দ শুনিয়া তাহার শিকার মৎস্য সাবধান হইবে সন্দেহে ধীরে ধীরে নিঃশব্দে যাইতেছে। বকের এই হিংস পদবিক্ষেপকে গুণ বলিয়া গ্রহণ করিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া মুগ্ধ হইয়াছেন। তাঁহার অনুজ লক্ষ্মণ তখন আহার্য্যাদি অন্বেষণে স্থানান্তরে গিয়াছিলেন। তিনি জ্যেষ্ঠের নিকট উপস্থিত হইবামাত্র বকের গুণমুগ্ধ রামচন্দ্র বলিলেন—

**শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ**
**প্রাণীনাং বধ শঙ্কয়া।**
**পশ্য লক্ষ্মণ পম্পায়াং**
**বকঃ পরম-ধার্ম্মিকঃ॥**

ভাবার্থ—কোন প্রাণী তাহার পায়ের চাপে বধ হইতে পারে—এই ভয়ে আস্তে আস্তে বক তাহার পদবিক্ষেপ করিতেছে—লক্ষ্মণ, পম্পা তীরে পরম ধার্ম্মিক বককে দর্শন কর।

লক্ষ্মণ রামচন্দ্রের মত পিতার আদরে রাজধানীতেই কালাতিপাত করেন নাই। বহির্জগতের বহু জ্ঞান তিনি অর্জ্জন করিয়াছিলেন।

জ্যেষ্ঠের এই কথা শুনিয়া সসম্মানে তিনি উত্তর দিলেন—

**ন জানাসি রাঘব ত্বং**
**বকঃ পরম-দারুণঃ—**
**নির্জীব-ভক্ষকো গৃধ্রঃ**
**সজীব-ভক্ষকো বকঃ।**

লক্ষ্মণ বলিলেন—হে রাঘব আপনি জানেন না—বক অতি দারুণ প্রাণী—গৃধ্র (শকুন) নির্জীব প্রাণীর মাংস ভক্ষণ করে কিন্তু বক জীবন্ত প্রাণী ধরিয়া খাইয়া থাকে।

বকের হিংস স্বভাব হইলেও গুণগ্রাহী রামচন্দ্র তাহার ধীর পদবিক্ষেপ দেখিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া ভ্রান্ত ধারণা করিয়াছেন।

এই বক চরিত্রের মানুষ দেশের সেবক সাজিয়া কত প্রাণী বধ করিতেছে তাহার ইয়ত্তা নাই।

দেশের সেবক সাজিয়া দেশবাসীদের মঙ্গল করিবার ছলনা করিয়া সরল প্রাণ ব্যক্তির বিশ্বাস জন্মাইয়া নিজের স্বার্থ সিদ্ধি করিয়াছে ও করিতেছে। মহাত্মা গান্ধীর একান্ত সচিব (সেক্রেটারী) শ্রীনির্ম্মল বসু ও স্বাধীন ভারতের স্বনামধন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মরহুম মৌলানা আবুল কালাম আজাদের লিখিত পরম ধার্ম্মিকের সেবকত্বের মধ্যে সে বকত্ব দেখিয়া চমকিত ও চমৎকৃত হইবেন। মহারাজ দশরথের আদরের জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র যেমন হিংস্র জন্তু বকের পরম ধার্ম্মিকত্ব দেখিয়া ভুল করিয়াছিলেন, তেমনি ভারতের স্বাধীনতা প্রয়াসী স্বরাজ্য দলের স্বর্গত মতিলাল নেহরুর আদরের একমাত্র পুত্র কত আন্তরিক স্বার্থপর বাহিক স্বার্থত্যাগী দেশ সেবকরূপী বককে ধার্ম্মিক জ্ঞানে যে যে সব ভুল করিয়া ভুলকে বজায় রাখার জিদ ধরিয়া মোশ্লেম শাস্ত্রে বর্ণিত এজিদ রাজার মত নিন্দনীয় হইতে চলিয়াছেন ও ভারতের প্রধান মন্ত্রী হইয়াও যে শপথ ভুলিয়া ভুল স্বপথে চলায় ভারতকে যে অবস্থায় আনিয়াছেন তাহাতে ইংরাজ দুই শত বৎসরে যে দুর্গতি দিতে পারে নাই আজ ভারতবাসী পথে ফেলা পাত হইতে কুকুরের সঙ্গে ভাত কুড়াইয়া খাইতেছে। বহু বকরূপী সেবক এর জন্য দায়ী। সেবকবেশী বকগুলি থাকিতে দেশের মঙ্গল নাই।

---

## পরলোকে শ্রীআর কে মিত্র

### হৃদরোগে আক্রান্ত হইয়া অকস্মাৎ মৃত্যু

কলিকাতা, ৫ই ডিসেম্বর—পশ্চিমবঙ্গ উন্নয়ন কর্পোরেশনের জেনারেল ম্যানেজার শ্রীআর, কে, মিত্র, আই, সি, এস সোমবার রাত্রি দেড়টা নাগাদ হৃদরোগে আক্রান্ত হইয়া অকস্মাৎ পরলোকগমন করেন। মৃত্যুকালে তাঁহার ৫৭ বৎসর বয়স হইয়াছিল এবং তিনি তাঁহার স্ত্রী, দুই পুত্র ও দুই কন্যা রাখিয়া গিয়াছেন।

শ্রীমিত্র নিউ আলিপুরস্থ তাঁহার নূতন বাসভবনে পরলোকগমন করেন। তিনি গত শনিবার ঐ বাড়ীতে গৃহ প্রবেশ করেন।



আর কে মিত্র

তাঁহার মৃত্যু সংবাদ পাইয়া রাইটার্স বিল্ডিংসে পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র দপ্তর এবং উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় দপ্তর ও অধীনস্থ কার্য্যালয় সমূহ আজ ছুটি হইয়া যায়।

শ্রীমিত্র ১৯০৪ সালে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা হেমচন্দ্র মিত্র ডেপুটি ম্যাজিষ্ট্রেট ছিলেন। তাঁহাদের আদি নিবাস কৃষ্ণনগর। কৃষ্ণনগর ও বর্দ্ধমানে স্কুল শিক্ষা সমাপ্ত করিয়া তিনি ১৯২৫ সালে প্রেসিডেন্সী কলেজ হইতে বি-এ পাশ করেন। ১৯২৯ সালে তিনি আই-সি-সি রূপে বেঙ্গল ক্যাডারে যোগ দেন। ইহার পর তিনি অতিরিক্ত

বাংলার বহু জেলায় কাজ করেন ; দিল্লীতে কিছু-দিন তিনি ভারত সরকারের অধীনে চীফ কণ্ট্রোলার অব ষ্টেশনারি এণ্ড প্রিণ্টিং ছিলেন। তিনি পশ্চিম বঙ্গ সরকারের স্বরাষ্ট্র দপ্তরের সেক্রেটারী, দুর্নীতি দমন বিভাগের স্পেশ্যাল অফিসার, পোর্ট কমিশনার্সের চেয়ারম্যান ছিলেন। তিনি অত্যন্ত সঙ্গীত প্রিয় ও ক্রীড়ামোদী ছিলেন। মধুর কণ্ঠের গায়ক হিসাবে তিনি বন্ধু মহলে অতি প্রিয় ছিলেন।

---

## বসন্তরোগ প্রতিষেধক টিকা

প্রতি বৎসর বসন্ত মহামারীতে আমাদের দেশের হাজার হাজার লোক অকালে মৃত্যুমুখে পতিত হন এবং বহুলোক বিকৃত চেহারা এমন কি চিরদিনের মত অন্ধত্ব প্রাপ্ত হইয়া জীবনের সকল-প্রকার সুখস্বাচ্ছন্দ্য হইতে চিরতরে বঞ্চিত হন। ইহাতে দেশের জনশক্তির এক বিরাট অংশের অপচয় ঘটে। এইজন্য সরকার এই সাংঘাতিক ব্যাধিকে সমূলে ধ্বংস করিবার জন্য দেশব্যাপী এক বিরাট পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনার অংশরূপে গত অক্টোবর মাস হইতে মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর ও কান্দি মহকুমায় একযোগে কাজ আরম্ভ হইয়াছে এবং ঐ এলাকার প্রতিটি লোককে বসন্তরোগ প্রতিষেধক টিকা দেওয়া হইতেছে।

একজন মেডিকেল অফিসার তাঁহার অধীনস্থ ২ জন ইন্সপেক্টর, ৩৩ জন ইনুউমারেটর ও ৫০ জন ভ্যাক্সিনেটর সহযোগে অক্লান্তভাবে জঙ্গিপুর মহকুমা এলাকায় কাজ করিতেছেন এবং তাঁহার পরিচালনায় টিকা দেওয়া এবং তৎসংক্রান্ত কাজ সুষ্ঠুভাবে দ্রুত অগ্রসর হইতেছে।

জনসাধারণকে অনুরোধ করা যাইতেছে যে, তাঁহারা যেন প্রত্যেকেই বসন্তরোগের প্রতিষেধক টিকা গ্রহণ করিয়া এই পরিকল্পনাকে সার্থক রূপায়নে সাহায্য করেন এবং আমাদের দেশকে এই মারাত্মক ব্যাধির কবল হইতে চিরদিনের মত মুক্ত করিতে সহযোগিতা করেন।

---

# কাবুলী মেওয়া



কাবুলীর পিরীতির
নমুনা দেখ—
ঠেকিয়া শিখোনা
দেখিয়া শেখ।
প্রথমে মিঠি মিঠি
বাৎ ভারী ঠাণ্ডা,
শেষে ভাগ্যে
লম্বা ডাণ্ডা।

এরা বোধ হয়
জ্যোতিষ জানে।
জলে ডুবিলেও
ধরিয়া আনে॥
যদি কেহ বা
মরে অনাহারে।
তার চেয়ে মৃত্যু
ইহাদের ধারে।

# চাঁদার ভয়ে



স্বাধীন দেশে থাকব না,
চাঁদা দিতে পারব না।

## চুড়ান্ত ভোটার তালিকা

—•—

জেলা প্রচার অফিস হইতে প্রচারিত এক সংবাদে প্রকাশ যে, পশ্চিমবঙ্গ বিধান সভার আগামী নির্ব্বাচনে মুর্শিদাবাদ জেলার ১৬টী নির্ব্বাচন ক্ষেত্রের চূড়ান্ত ভোটার তালিকা গত ৪ঠা ডিসেম্বর ১৯৬১ তারিখে সংশ্লিষ্ট নির্ব্বাচন নিবন্ধন আধিকারিকগণের অফিসে এবং বাহির থানার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা অফিসে যথারীতি প্রকাশ করা হইয়াছে। উক্ত ভোটার তালিকাগুলি জনসাধারণের অবগতি এবং পরীক্ষার জন্য প্রকাশের উক্ত তারিখ হইতে এক মাস যাবত উল্লিখিত অফিস সমূহে প্রকাশিত থাকিবে।

—

## রবিশস্যের বীজ
### বিতরণে
### সরকারী কর্ম্মচারিগণের
## কর্ম্ম-কুশলতা

—•—

রবিশস্যের বীজ বপনের উপযুক্ত সময় হচ্ছে আশ্বিন ও কার্ত্তিক মাস। জঙ্গিপুর মহকুমার কৃষি বিভাগের বীজ এখনও বস্তাবন্দী অবস্থাতেই রহিয়াছে। ইহা কখন বিলি হইবে তাহা কর্ত্তৃপক্ষই ভালভাবে অবগত আছেন। ইহাতে গরীব কৃষিজীবিদের কোন্ উপকার সাধিত হইবে তাহা কৃষিবিদ্গণই বলিতে পারেন ?

কিছুদিন পরে পশ্চিমবঙ্গ সরকারের হিসাবে দেখা যাইবে জঙ্গিপুর মহকুমার গরীব কৃষকদের মধ্যে এত টাকার বীজ বিনামূল্যে বিতরিত হইয়াছে।

গরীব দেশের অর্থ এইভাবে কত অপচয় হইতেছে তার হিসাব কে রাখে ?

—

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়,** বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## খেয়াঘাট ও খুটাগাড়ী ঘাটের নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে আগামী ১৩৬৯ সালের জন্য জঙ্গিপুর মহকুমার অধীন নিম্নবর্ণিত ঘাটসমূহ, নিম্নবর্ণিত স্থান, তারিখ ও সময়ে সরকারের নির্দ্দিষ্ট সর্তাধীনে এক বৎসরের মেয়াদে প্রকাশ্য নিলামে বন্দোবস্ত করা হইবে। নিলামের সর্তাবলী ও অন্যান্য প্রয়োজনীয় সংবাদ নিম্নস্বাক্ষরকারীর অফিসে, সংশ্লিষ্ট ইউনিয়ন বোর্ড অফিস সমূহে, সংশ্লিষ্ট থানা ও ব্লক অফিসে এবং অধস্তন ভূমিসংস্কার অফিস সমূহে দেখিতে ও জানিতে পারা যাইবে।

| ক্রমিক নং | ঘাটের নাম | নিলামের স্থান | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ | রাধানগর ও দুর্গাপুর ধুসরীপাড়া খুটাগাড়ী | জে, এল, আর, ও অফিস, ধুলিয়ান | ২১-১২-৬১ বেলা ১১২টা |
| ২ | নুরপুর ফতেউল্লাপুর ফেরী ও চুটকী কয়ালী পোনা মহল | ঐ | ঐ |
| ৩ | হিজলী নদীর ফরাসঘাট মৌজা বহুতালি | ঐ | ঐ |
| ৪ | পাঁচুল্লাগ্রাম দিঘীঘাট ফেরী | ঐ | ঐ |
| ৫ | মহম্মদপুর বহড়া ফেরী | জে, এল, আর, ও অফিস, রঘুনাথগঞ্জ | ২২-১২-৬১ বেলা ১২টা |
| ৬ | গাদী ফেরী | জে, এল, আর, ও অফিস, সাগরদীঘি | ২৩-১২-৬১ বেলা ১১টা |

স্বাঃ এস, কে, কর

মহকুমা ভূমিসংস্কার অফিসার, জঙ্গিপুর।

## জঙ্গিপুর মহকুমা সর্ব্বার্থসাধক প্রদর্শনী

আগামী ১৮ই ডিসেম্বর সোমবার হইতে ২৮শে ডিসেম্বর বৃহস্পতিবার পর্য্যন্ত রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্ক ময়দানে এক বিরাট প্রদর্শনীর উদ্যোগ পর্ব্ব চলিতেছে। সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান কর্ত্তৃক এই প্রদর্শনীতে বিভিন্ন বিষয়ের ষ্টল ও মডেল প্রদর্শিত হইবে। প্রতিদিন সন্ধ্যায় আমোদ প্রমোদের ব্যবস্থা হিসাবে থিয়েটার, কলিকাতার বিখ্যাত যাত্রা, কবিগান ও সিনেমার আয়োজন করা হইয়াছে বলিয়া বিজ্ঞাপন প্রচারিত হইয়াছে।

পশ্চিম বঙ্গের খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় এই প্রদর্শনীর উদ্বোধন করিবেন। কৃষি বিভাগ হইতেও কৃষিজাত দ্রব্যাদি প্রদর্শিত হইবে বলিয়া সহরময় প্রাচীরপত্র দেওয়া হইয়াছে।

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো হইতেছে যে আমি রঘুনাথগঞ্জ প্রতাপপুর সোনাটিকরি কো-অপারেটিভ মাল্‌টিপারপাস্‌ সোসাইটী লিঃ এর ১।৭।৬০ তাং হইতে ৩০।৬।৬১ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা (Statutory audit) করিতেছি। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০।৬।৬১ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগতভাবে আগামী ১৫।১২।৬১ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্ধারক পত্র (Verification slip) দেওয়া হইবে না। ১৩।১২।৬১

শ্রীপ্রলয়কুমার সিংহ

অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।

---

## কলিকাতা পুলিশ বাহিনীর জন্য কনেষ্টবল নিয়োগ

কলিকাতা পুলিশ বাহিনীতে কনষ্টেবল হিসাবে নিয়োগের জন্য বাঙ্গালী প্রার্থী নির্ব্বাচনের উদ্দেশ্যে কলিকাতা পুলিশের ১টি লোকসংগ্রাহকদল ১৯৬১, ১৭ই ডিসেম্বর মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর সফর করিবেন। মুর্শিদাবাদের জঙ্গিপুর থানায় ১৭ই ডিসেম্বর সকাল ৯টায় প্রার্থী নির্ব্বাচন করা হইবে।

প্রার্থীদের আবশ্যিক যোগ্যতাবলী :—

(ক) উচ্চতা—৫ ফুট ৬ ইঞ্চি, (খ) বুকের পরিমাপ—৩১ ইঞ্চি, (গ) ওজন—১২০ পাউণ্ড, (ঘ) ইংরাজী পড়িবার ও লিখিবার ক্ষমতা ও বাংলা ভাষায় উত্তম জ্ঞান, ঙ) বয়স ১৮ হইতে ২৫ বৎসর, (চ) উত্তম দৈহিক স্বাস্থ্য, কোনরূপ আংগিক বিকৃতি থাকা চলিবে না এবং (ছ) প্রার্থীদের অবিবাহিত হওয়া চাই।

নির্ব্বাচিত প্রার্থীদের কলিকাতা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার কর্ত্তৃক স্বাস্থ্য পরীক্ষা করাইতে হইবে এবং অতঃপর তাঁহাদের চরিত্র ও প্রাক্‌-পরিচয়-এর সত্যতা নির্ণয় করা হইবে। যে সকল প্রার্থী স্বাস্থ্য পরীক্ষা ও তাঁহাদের চরিত্র ও প্রাক্‌ পরিচয়ের সত্যতা নির্ণয়ের পর উপযুক্ত বলিয়া ঘোষিত হইবেন তাঁহাদিগকে ৪৫—১—৫৫—২—৬০ টাকা—এই বেতনক্রম এবং তদুপরি রাজ্য সরকারের প্রদেয় হারে যথারীতি মহার্ঘ ভাতায় কনষ্টেবল হিসাবে নিয়োগ করা হইবে। ৫০ টাকা পর্যন্ত মূল বেতনের উপর বর্ত্তমান মহার্ঘ-ভাতার হার ৩০ টাকা এবং ৫০ টাকার উর্দ্ধে মূল বেতনের জন্য উক্ত ভাতার হার ৪০ টাকা। নিয়োগের পর তাঁহাদের ছয় মাসের জন্য বারাকপুরস্থিত পুলিশ ট্রেণিং কলেজে কুচকাওয়াজ, শারীর-শিক্ষণ, আইন ইত্যাদি বিষয়ে শিক্ষণ গ্রহণ করিতে হইবে। কনষ্টেবলদের ব্যারাকে বিনা ভাড়ায় একজনের বাসস্থান, বিনা ব্যয়ে পোষাক, বিনা ব্যয়ে কলিকাতা পুলিশ হাসপাতালে চিকিৎসা ও পথ্য দেওয়া হইবে। উপযুক্ত ক্ষেত্রে কনষ্টেবলদের হেড-কনষ্টেবল, জমাদার, সহকারী সাব ইন্সপেক্টর, ইন্সপেক্টর ইত্যাদি উচ্চতর পদে বিভাগীয় পদোন্নতির সুযোগ আছে।

(প্রেসনোট)



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
সাধনা ঔষধালয়ের প্রস্তুত
শীতে ব্যবহারোপযোগী
মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ
এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)
(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)



## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।